গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট।
www.dae.sylhetdiv.gov.bd

স্মারক নং- ১২.১৬.৯১০০.০৪১.১৬.০২৫.২০/১৮৬৭(৮) তারিখ ঃ ২৪/১১/২০২১ খ্রিঃ

বিষয় ঃ চলতি রবি মৌসুমে চলমান সকল কৃষি কর্মকান্ড নির্বিঘ্নে সুষ্ঠ ও সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে কৃষকদেরকে পরামর্শসহ সহায়তা প্রদান করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী কার্যক্রম, কৃষি প্রণোদনা ও পূর্নবাসন কর্মসূচি বাস্তবায়নাধীন রয়েছে। এ ছাড়াও বর্তমানে রোপা আমন ধান কর্তন এবং একই সাথে বোরো বীজতলায় বীজ বপনের কার্যক্রম চলছে। এমতাবস্থায় কর্তনকৃত রোপা আমন ধানের জমি থেকে বিভিন্ন ধরণের ক্ষতিকর পোকামাকড় বোরো বীজতলায় স্থানান্তরিত হয়ে বীজতলার চারা ক্ষতি করার সমুহ সম্ভাবনা রয়েছে। তাই জরুরী ভিত্তিতে প্রতিদিন মাঠ পরিদর্শন ও হাতজাল দিয়ে পোকা সনাক্ত করা এবং বীজতলায় প্রয়োজনীয় সংখ্যক আলোক ফাঁদ স্থাপন করে পোকার উপস্থিতি সনাক্ত করে তদানুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য সকল মাঠ পর্যায়ের কর্মকর্তাগনকে নির্দেশনা প্রদানের পরামর্শ দেয়া হলো।

তা ছাড়া চলতি রবি মৌসুমে কৃষির চলমান সকল কার্যক্রম বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতঃ বিপিএইচ সহ অন্যান্য রোগ বালাই ও পোকা-মাকড়ের আক্রমন পরিলক্ষিত হলে তা দমনের যথাযথভাবে পদক্ষেপ নিতে হবে। এ ছাড়াও কৃষক পর্যায়ে পর্যাপ্ত পরিমান সার প্রাপ্তি নিশ্চিতকরণ, বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের পরামর্শ দেয়া, ঘন কুয়াশা ও শৈত্য প্রবাহ কালীন সময় প্রতিদিন মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সরেজমিনে ফসলের মাঠ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করাসহ ফসল উৎপাদন বৃদ্ধি সংক্রান্ত উর্ধ্বত্বণ কর্তপক্ষের বিভিন্ন সময়ের নির্দেশনাসমুহ আবশ্যিকভাবে পালনের জন্য আপনার আওতাধীন সকল মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিদের্শনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব গুরুত্বপূর্ন ও জরুরী।**

২৪/১১/২০২১

দিলীপ কুমার অধিকারী
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট।
adesylhet@gmail.com

প্রাপক,

১। উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/সুনামগঞ্জ।

২। উপপরিচালক,
অতিরিক্ত পরিচালকের কার্যালয়,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট। আপনাকে পত্রে উল্লেখিত বিষয়সমুহ নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫।

২। পরিচালক, সরেজমিন উইং/ উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫।